

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

### আদেশ

যেহেতু, আমার নিকট তথ্য রয়েছে যে, আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২১ কায়েতপাড়া ইউনিয়ন পরিষদ মাঠ প্রাঙ্গনে চেয়ারম্যান কায়েতপাড়া ইউনিয়ন পরিষদ কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, শেখ হাসিনা এর ৭৫তম জন্মদিন উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করেছে। একই সময়ে উক্ত স্থানে অপর একটি দলও অনুষ্ঠানের জন্য আবেদন করেছে।

যেহেতু, আমার প্রতীতি জন্মেছে যে, দুটি গোষ্ঠী কর্তৃক একই সময়ে উক্ত স্থান ও তৎসংলগ্ন এলাকায় অনুষ্ঠানের আয়োজন করায় সেখানে উভেজনা বিরাজ করছে এবং তথাস্থানে আইনশৃঙ্খলা পরিহিতির মারাত্কা অবনতি হবার সমূহ সম্ভাবনা রয়েছে। কাজেই উক্ত এলাকায় আইনশৃঙ্খলা পরিহিতি স্বাভাবিক রাখার স্বার্থে উভয় অনুষ্ঠান রাহিত করা প্রয়োজন।

সেহেতু, আমি শাহ নুসরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ মতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে কায়েতপাড়া ইউনিয়নাধীন সমগ্র এলাকা অন্য ২৭ সেপ্টেম্বর, ২০২১ সন্ধ্যা ০৬ ঘটিকা থেকে ২৮ সেপ্টেম্বর, ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত উক্ত আইনের ১৪৪ ধারা জারি করলাম।

১৪৪ ধারা জারিকৃত সময়ে উক্ত এলাকাসমূহে :

- ১। পাঁচ বা ততোধিক লোকের একত্রে জটলা, সমাবেশ কিংবা যেকোন ধরণের অস্ত্র বহন ও সন্দেহজনক ঘোরাফেরা সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো।
- ২। উক্ত এলাকায় শান্তি শৃঙ্খলা ব্যাঘাত সৃষ্টি এবং উহাতে উৎসাহ প্রদান করে এমন কোন কাজ করা যাবেনা।
- ৩। উক্তরূপ উদ্দেশ্যে কোন মাইক বা হর্ন ব্যবহার করা যাবেনা।

এ আদেশ আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য হবেনা।

আমার স্বাক্ষর ও সিল মোহরে অন্য ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/  
(শাহ নুসরাত জাহান)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
নির্বাহী ম্যাজিস্ট্রেট  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।  
তারিখ : ২৭ সেপ্টেম্বর, ২০২১।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.২২.০০২.২০- ৭৬৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।


২। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। অফিসার ইনচার্জ, রূপগঞ্জ থানা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ (১৪৪ ধারা তামিল ও সংশ্লিষ্ট এলাকায় প্রচারের নির্দেশনাসহ)।

২। চেয়ারম্যান, কায়েতপাড়া ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। অফিস নথি।

  
উপজেলা নির্বাহী অফিসার  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।